গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
আর্থিক ব্যবস্থাপনা ও অডিট ইউনিট
বাংলাদেশ সচিবালয়,ঢাকা

নং-স্বাপকম/ স্বাস্থ্য সেবা/আঃ ব্যঃঅঃ/২০১৭/অডিট ছাড়পত্র (অংশ-০৯)/৬০২ তারিখঃ ১৪-০৬-২০১৭ খ্রিঃ

বিষয়ঃ অডিট ছাড়পত্র প্রদান।

সূত্রঃ স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-৫৯৬, তারিখঃ ০৬-০৬-২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডাঃ বেগম উম্মে কুলসুম (কোড নং-৩৪৩১৭), প্রাক্তন সহকারী অধ্যাপক (ফিজিওথেরাপি), ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি, ঝিনাইদহ এর অডিট ছাড়পত্রের প্রস্তাবের সাথে প্রাপ্ত চাকুরি বিবরণী মোতাবেক মন্ত্রণালয়ে রক্ষিত অডিট রিপোর্ট সংশ্লিষ্ট নথি পরীক্ষান্তে তাঁর বিরুদ্ধে কোন অগ্রিম/খসড়া অনুচ্ছেদ অডিট আপত্তি পাওয়া যায়নি।

২। ডাঃ বেগম উম্মে কুলসুম এর বিরুদ্ধে ভবিষ্যতে কোন অডিট আপত্তি উত্থাপিত হলে/ তাঁর নিকট সরকারের কোন পাওনা আছে মর্মে প্রমাণিত হলে, তিনি/ তাঁর উত্তরাধিকারীগণ নিস্পত্তি/ সরকারকে পরিশোধ করতে বাধ্য থাকবেন শর্তে অডিট ছাড়পত্র প্রদান করা হল।

১৪.০৬.১৭
(মোঃ জাহাঙ্গীর আলম)
হিসাব রক্ষণ কর্মকর্তা
ফোনঃ ৯৫৪০৬৬৯

মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
(দৃঃ আঃ- পরিচালক, অর্থ)

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। অতিরিক্ত সচিব (আঃব্যঃঅঃ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। উপসচিব, বাজেট অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। অধ্যক্ষ, ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি, ঝিনাইদহ।
৫। ডাঃ বেগম উম্মে কুলসুম (কোড নং-৩৪৩১৭), প্রাক্তন সহকারী অধ্যাপক (ফিজিওথেরাপি), ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি, ঝিনাইদহ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
আর্থিক ব্যবস্থাপনা ও অডিট ইউনিট
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-স্বাপকম/স্বাসেবি/এফএমএইউ/১সি-৪/এনওসি/অংশ-৩০/২০১৫/৮০৮ তারিখঃ ৩১ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ / ১৪ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ অডিট ছাড়পত্র।

সূত্রঃ ১। নং-ডিজিএইচএস/অডিট ছাড়পত্র/৬এ-২৫২/১০/৩৩৭, তারিখঃ ২৭/০৪/২০১৫ খ্রিঃ।
২। নং-ওমেকহাসি/ই-১/২০১৭/২০৩৬, তারিখঃ ০৪/০৫/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকদ্বয়ের বরাতে জানানো যাচ্ছে যে, ইতোপূর্বে ডাঃ তন্ময় ভট্টাচার্য্য (কোড নং-৩৬৯৩৫), প্রাক্তন উপ-পরিচালক, সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট এর অডিট ছাড়পত্রের প্রস্তাব প্রাপ্তির পর, এ অধিশাখার ০৭-০৬-২০১৫ খ্রিঃ তারিখের নং-স্বাপকম/১সি-৪/অডিট ছাড়পত্র/অংশ-৩০/২০১৫/৫৫২ সংখ্যক স্মারক মাধ্যমে ০৩ (তিন)টি অডিট আপত্তি উত্থাপন করে পত্র দেয়া হয়। উত্থাপিত অডিট আপত্তিসমূহের হালনাগাদ অবস্থা বর্ণনাসহ মন্ত্রণালয়ের মন্তব্য নিম্নরূপঃ

ক্রমিক নং-	নিরীক্ষিত প্রতিষ্ঠানের নাম	নিরীক্ষাকারী কর্তৃপক্ষ	আর্থিক সন	অনুচ্ছেদ নং ও আপত্তির শিরোনাম।	মন্ত্রণালয়ের মন্তব্য
০১	সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট।	স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর	২০১৩-১৪	০১। ঠিকাদার/ সরবরাহকারীর বিল হতে নির্ধারিত হারে আয়কর কর্তন না করায় সরকারের ১,৬২,৮৯৬/- টাকার রাজস্ব ক্ষতি।	আপত্তিকৃত টাকা আদায়/ আপত্তিটি নিষ্পত্তি হয়নি। আপত্তিকৃত টাকা পেনশন/ আনুতোষিক হতে কর্তন/ স্থগিত সাপেক্ষে অডিট ছাড়পত্র প্রদানের জন্য ডাঃ তন্ময় ভট্টাচার্য্য (কোড নং-৩৬৯৩৫) আবেদন করেছেন।
০২	-ঐ-	-ঐ-	-ঐ-	০২। অনিয়মিতভাবে সরবরাহকারীর নিকট হতে ভ্যাট কম কর্তন করায় সরকারের ২,৬৮,৩০৬/- টাকার রাজস্ব ক্ষতি।	আপত্তিকৃত টাকা আদায়/ আপত্তিটি নিষ্পত্তি হয়নি। আপত্তিকৃত টাকা পেনশন/ আনুতোষিক হতে কর্তন/ স্থগিত সাপেক্ষে অডিট ছাড়পত্র প্রদানের জন্য ডাঃ তন্ময় ভট্টাচার্য্য (কোড নং-৩৬৯৩৫) আবেদন করেছেন।

০৩	-ঐ-	-ঐ-	২০১১-১২	০৪। সরকারী বাসায় বসবাসকারীদের বেতন বিল হতে পানি, পয়ঃ ও পৌরকর কর্তন না করায় রাজস্ব ক্ষতি ২,৯৩,৬২০/- টাকা।	বর্ণিত আপত্তিতে তিনি জড়িত হবেন কিনা তা জানতে চেয়ে এ অধিশাখার ০৭-০৬-২০১৫ খ্রিঃ তারিখের নং-স্বাপকম/১সি-৪/অডিট ছাড়পত্র/অংশ-/৩০/২০১৫/৫৫২ সংখ্যক স্মারক মাধ্যমে পত্র দেয়া হয়েছিল। এক্ষণে স্থানীয় অফিস হতে জানানো হয়েছে যে, ডাঃ তন্ময় ভট্টাচার্য্য অত্র হাসপাতালে কর্মরত থাকাকালীন সরকারী বাসস্থানে বসবাস করেননি।

০২। উত্থাপিত তিনটি অডিট আপত্তির মধ্যে ২০১১-২০১২ আর্থিক সনের ৪ নং-অনুচ্ছেদে তিনি জড়িত হবেন না মর্মে স্থানীয় অফিস হতে জানানো হয়েছে। অবশিষ্ট ২টি অডিট আপত্তিতে জড়িত (১,৬২,৮৯৬ + ২,৬৮,৩০৬)/- = ৪,৩১,২০২/- টাকা পেনশন/ আনুতোষিক হতে কর্তন/ স্থগিত সাপেক্ষে অডিট ছাড়পত্র প্রদানের জন্য ডাঃ তন্ময় ভট্টচার্য্য (কোড নং-৩৬৯৩৫) আবেদন করেছেন। তাছাড়া ডাঃ তন্ময় ভট্টাচার্য্য এর শেষ বেতনের প্রত্যয়ণপত্রে (ইএলপিসি) অনিয়মিতভাবে বেতন-ভাতা বাবদ অতিরিক্ত গৃহীত ২,৩৯,৪৬০/৯০ টাকা আদায়যোগ্য মর্মে উল্লেখ রয়েছে। উক্ত টাকাও তিনি পেনশন/ আনুতোষিক হতে কর্তন সাপেক্ষে অডিট ছাড়পত্র প্রদানের জন্য ইতোপূর্বে আবেদন করেছেন।

০৩। এমতাবস্থায়, অনিষ্পন্ন দুটি অডিট আপত্তি বাবদ ৪,৩১,২০২/- টাকা এবং অনিয়মিতভাবে বেতন-ভাতা বাবদ অতিরিক্ত গৃহীত ২,৩৯,৪৬০/৯০ টাকাসহ সর্বমোট (৪,৩১,২০২ + ২,৩৯,৪৬০/৯০)/- = ৬,৭০,৬৬২/৯০ (ছয়লক্ষ সত্তুর হাজার ছয়শত বাষট্রি টাকা নব্বই পয়সা) টাকা ডাঃ তন্ময় ভট্টচার্য্য (কোড নং-৩৬৯৩৫), প্রাক্তন উপ-পরিচালক, সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট এর পেনশন/ আনুতোষিক হতে কর্তন সাপেক্ষে এ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের আর্থিক ব্যবস্থাপনা ও অডিট ইউনিটের রাজস্ব খাতের অডিট ছাড়পত্র প্রদান করা হলো। তবে শর্ত থাকে যে, ভবিষ্যতে উপর্যুক্ত কর্মকর্তার বিরুদ্ধে কোন অডিট আপত্তি উত্থাপন/ সরকারের কোন পাওনার দাবী প্রমাণিত হলে তা তিনি/ তাঁর উত্তরাধিকারীগণ নিষ্পত্তি/ সরকার-কে পরিশোধ করতে বাধ্য থাকবেন।

০৪। উপর্যুক্ত কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১২.০১.১৭
(মোঃ জাহাঙ্গীর আলম)
হিসাবরক্ষণ কর্মকর্তা
ফোনঃ ৯৫৪০৬৬৯

মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা।

(দৃঃ আঃ পরিচালক, অর্থ)

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। অতিরিক্ত সচিব (আঃ ব্যঃ অঃ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। পরিচালক, সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট।
৩। উপসচিব, বাজেট অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৫। ডাঃ তন্ময় ভট্টচার্য্য (কোড নং-৩৬৯৩৫), প্রাক্তন উপ-পরিচালক, সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট।